

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫

১/ পবিত্রতা রাসূলুল্লাহ ্রান্থ হতে (ﷺ হতে (ﷺ স্বিচ্ছেদঃ ৬২. যৌনাংগ স্পর্শ করলে ওয় নষ্ট হবে না

باب مَا جَاءَ فِي تَرْكِ الْوُضُوءِ مِنْ مَسِّ الذَّكَرِ

আরবী

حَدَّتَنَا هَنَادُ، حَدَّتَنَا مُلاَزِمُ بْنُ عَمْرِو، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَدْرٍ، عَنْ قَيْسِ بْنِ طَلْق بْنِ عَلِيّ، هُوَ الْحَنَفِيُّ عَنْ أَبِيهِ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " وَهَلْ هُوَ إِلاَّ مُضْغَةٌ مِنْهُ أَوْ هُوَ الْمَعْقَةُ مِنْهُ أَنْ وَاحِدِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَبَعْضِ التَّابِعِينَ أَنَّهُمْ لَمْ يَرَوُا الْوُضُوءَ مِنْ مَنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَبَعْضِ التَّابِعِينَ أَنَّهُمْ لَمْ يَرَوُا الْوُضُوءَ مِنْ مَسِّ الذَّكَرِ وَهُو قَوْلُ أَهْلِ الْكُوفَةِ وَابْنِ الْمُبَارِكِ . وَهَذَا الْحَدِيثُ أَحْسَنُ شَيْءٍ رُويَ فِي هَنَا الْحَدِيثَ أَيُّوبُ بْنُ عُتْبَةَ وَمُحَمَّدُ بْنُ جَابِرٍ عَنْ قَيْسِ بْنِ طَلْقِ عَنْ أَبِيهِ . وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ أَيُّوبُ بْنُ عَلْمِ الْمُبَارِكِ . وَهَذَا الْبَابِ . وَقَدْ تَكَلَّمَ بَعْضُ أَهْلِ الْحَدِيثَ أَيُّوبُ بْنُ عَلْمِ وَمُحَمَّدُ بْنِ جَابِرٍ وَأَيُّوبَ بْنِ عُنْهِ أَهْلِ الْحَدِيثَ فِي مُحَمَّد بْنِ جَابِرٍ وَأَيُّوبَ بْنِ عُنْ قَيْسِ بْنِ طَلْقِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَدْرٍ أَصَحَ وَأَحْسَنُ .

বাংলা

৮৫। কাইস ইবনু তালক ইবনু আলী আল-হানাফী হতে তার পিতার (তালকের) সূত্রে বর্ণনা করা হয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ 'এটা (যৌনাংগ) তার দেহের একটা অংশ ছাড়া আর কিছুই নয়। (অথবা রাবীর সন্দেহ) তিনি বুযুআহ (টুকরা, অংশ) শব্দ বলেছেন। সহীহ। ইবনু মাজাহ– (৪৮৩)।

এ অনুচ্ছেদে আবু উমামা (রাঃ) হতে বর্ণিত হাদীসও রয়েছে, আবু ঈসা বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একাধিক সাহাবী ও কিছু সংখ্যক তাবিঈ যৌনাংগ স্পর্শ করলে আবার ওযু করা দরকার আছে বলে মনে করেন না। ইবনুল মুবারাক ও কৃফাবাসীদের এটাই উপস্থাপিত মত।

এ অনুচ্ছেদে এ হাদীসটি বেশি সহীহ। এ হাদীসটি অপর এক সূত্রেও বর্ণিত হয়েছে। কিন্তু এ সূত্রে দু'জন রাবীমুহাম্মাদ ইবনু জাবির ও আইউব ইবনু উতবা সম্পর্কে কিছু হাদীস পারদর্শী ব্যক্তি বিভিন্ন কথা বলেছেন। অতএব
মুলাযিম ইবনু আমরের বর্ণনাটিই বেশি সহীহ এবং উত্তম।



English

Qais bin Talq bin Ali - [and he is] Al-Hanafi narrated from his father, that: the Prophet said: 'Is it other than a piece of his flesh?" Or: "part of him?"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন